দৈনিক ইত্তেফাক

তারিখ 19 NOV 2007
পৃষ্ঠা ৩ কলাম ৩

# মাধ্যমিক স্কুলের ইংরেজীর শিক্ষকদের প্রশিক্ষণ দেবে ব্রিটিশ কাউন্সিল

## *সব উপজেলায় রিসার্চ সেন্টার হবে*

**স্টাফ রিপোর্টার :** ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের মাধ্যমিক স্কুলের ইংরেজীর শিক্ষকদের আগামী বছরের মধ্যে প্রশিক্ষণ দেয়ার প্রস্তুতি নিতে যাচ্ছে। সরকারের সহযোগিতা নিয়ে ব্রিটিশ কাউন্সিল দেশের সব উপজেলায় একটি করে রিসার্চ সেন্টার তৈরী করবে। যেখানে সব ধরনের শিক্ষা উপকরণ সরবরাহ করা হবে। ইতোমধ্যে প্রাথমিক পর্যায়ে দেশের দুটি বিভাগের আওতায় ৪৫টি উপজেলার ৪৫০ জন মাধ্যমিক স্কুল শিক্ষককে প্রশিক্ষণ দেয়ার কাজ গতকাল (রোববার) থেকে শুরু হয়েছে। স্কিলস ফর সেল্ফ ডেভেলপমেন্ট নামে এ কোর্সের সফল সমাপ্তি হলে আগামী বছরের মধ্যে সারাদেশের মাধ্যমিক ইংরেজীর শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় ও ব্রিটিশ কাউন্সিল সূত্রে এ কথা জানা গেছে। জানা যায়, খুলনা ও সিলেট বিভাগের ৪৫টি উপজেলার মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজীর শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হবে। প্রতি ব্যাচে ৩০ জন করে মোট ১৫টি ব্যাচে ৪৫০জন শিক্ষককে ভাগ করা হয়েছে। প্রতি ব্যাচকে ৫ দিনে ৩০ ঘণ্টা প্রশিক্ষণ দেয়া হবে। সিলেট বিভাগে ৯টি ব্যাচের প্রশিক্ষণ ৬ ডিসেম্বর পর্যন্ত চলবে। গতকাল সকাল ১০টা থেকে ৩টি ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়েছে। খুলনা বিভাগের যশোরে ৬টি ব্যাচকে ৯ ডিসেম্বর থেকে জানুয়ারীর মধ্যে প্রশিক্ষণ দেয়া হবে। এ ব্যাপারে গত ১২ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে ব্রিটিশ কাউন্সিলের একটি মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে যুগ্ম-সচিব (মাধ্যমিক) মোঃ নজরুল ইসলাম এবং ব্রিটিশ কাউন্সিলের পক্ষে ভারপ্রাপ্ত পরিচালক পিটার এস্টন উপস্থিত ছিলেন। জানা গেছে, গত ২ মাস আগে রাজধানী ঢাকার বিভিন্ন স্কুলের প্রায় ৮০ জন ইংরেজীর শিক্ষককে প্রশিক্ষণ দেয় ব্রিটিশ কাউন্সিল। এর পরই ব্রিটিশ কাউন্সিল কর্তৃপক্ষ সারাদেশের মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজীর শিক্ষকদের প্রশিক্ষণ দেয়ার চিন্তাভাবনা শুরু করে। এরই অংশ হিসেবে গতকাল থেকে স্কিলস ফর সেল্ফ ডেভেলপমেন্ট কোর্স শুরু করা হয়েছে।